https://www.observerbd.com/details.php?id=255194

Violence against women, children: Experts stress need for virtual court

Published : Thursday, 30 April, 2020 at 12:00 AM

Banani Mallick

A group of legal aid experts and rights activists have proposed introducing a virtual court to prevent violence against women and children amid Coronavirus outbreak across the country.

They came up with the suggestion when different national and international organizations said various forms of violence against women had increased amid Coronavirus outbreak in the country.

Talking to the Daily Observer many gender experts and women rights activists said Coronavirus had exacerbated the violence against women and children more than ever before.

However, the rights activists and legal experts proposed this suggestion at an online view-exchanged meeting titled 'Violence against Women and Children amid Coronavirus Lockdown: The Present Status and What to Do'.

The meeting was jointly organized by Paribarik Shahingsha Pratirodh Jote (a platform to resist family violence) and Rape Law Reform Coalition on Tuesday.

Law experts participated in the meeting from the government and non government institutions.

They said members of law enforcement agencies must introduce an online-based case filing opportunity and virtual courts across the country to prevent different forms of violence against women and children.

The legal experts also noted that other government and non government organizations linked with Paribarik Shahingsha Pratirodh Jote and Rape Law Reform Coalition must compile all the hotlines and help lines from where victims can get legal support.

They also can publish news on violence in media so that victims can get support.

Advocate Sara Hossain said the government must open a virtual case filing opportunity so that victims can file general diary.

She noted that the situation got worse because of the lockdown as women are not able to get access to support or escape from violence.

"We receive lots of information on domestic violence by men in various parts of the country," she said.

She also noted that the marginal women especially the disabled women are facing extreme violence.
Tahara Yesmin, GIZ, said telecounseling and online number of the Ministry of Women and Children Affairs should be disseminated among people extensively.
Jenefa Jabbar, Director, Human Rights and Legal Aid Services and Social Compliance-Brac, said victims of violence are not being accepted to the government and non government shelter homes due to Coronavirus outbreak.
"We must think of these victims. Where will they go?" she asked.
Sultana Kamal, an eminent human rights activist, said women and children have become vulnerable to men who are now more ferocious than ever before due to Coronavirus outbreak," she said.
"Men used to go out of houses now pass their time at homes posing serious threat to women and children," she said.
Eminent economist Debapriya Bhattacharya said they were being informed about such violence against women from different parts of the country.

https://www.banglatribune.com/others/news/621200/পারবারিক-সহিংসতা-নির্যাতনকে-ভার্চুয়াল-কোর্টের

পারিবারিক সহিংসতানির্যাতনের ঘটনাকে - ভার্চুয়াল কোর্টের আওতাভুক্ত করার সুপারিশ

বাংলা ট্রিবিউন রিপোর্ট প্রকাশিত ১৯:০৩ :, এপ্রিল ২৯, ২০২০ | সর্বশেষ আপডেট ৫৪:০৩ :, এপ্রিল ২৯, ২০২০

বর্তমান লকডাউন পরিস্থিতিতে পারিবারিক সহিংসতা ও নির্যাতনের ঘটনা বৃদ্ধি পাওয়ার বিষয়টিকে প্রস্তাবিত ভার্চুয়াল কোর্টের আওতাভুক্ত করার সুপারিশ করেছে পারিবারিক সহিংসতা প্রতিরোধ জোট এবং রেইপ ল রিফর্ম কোয়ালিশন। মঙ্গলবার (২৮ এপ্রিল) সরকারি ও বেসরকারি পর্যায়ে সমন্বয় বৃদ্ধিতে অনলাইনে একটি মতবিনিময় সভায় এই সুপারিশ করেন বক্তারা। বাংলাদেশ লিগ্যাল এইড অ্যান্ড সার্ভিসেস ট্রাষ্ট (ব্লাস্ট) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানিয়েছে।

আলোচকরা অন্য যেসব সুপারিশ করেন তার মধ্যে আছে—বাংলাদেশ পুলিশের অনলাইনে জিডি দায়ের প্রক্রিয়া সক্রিয় করা এবং সারাদেশে এই সেবা চালুর ব্যবস্থা করা, নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে পারিবারিক সহিংসতা প্রতিরোধ জোট এবং রেইপ ল রিফর্ম কোয়ালিশনের সঙ্গে যুক্ত সব হটলাইন এবং হেল্পলাইন নম্বর একত্রে একটি তালিকা তৈরি করে বিভিন্ন মাধ্যমে প্রকাশ করা, করোনা সংক্রমণের ঝুঁকির কারণে সরকারি ও বেসরকারি শেল্টারহোমগুলোতে বর্তমানে আশ্রয়ের জন্য কোনও ভিকটিমকে গ্রহণ করা হচ্ছে না বিধায়, ভিকটিমদের সুরক্ষার জন্য সেখানে করোনাভাইরাস টেস্টের ব্যবস্থা করা, মহিলা ও শিশু-বিষয়ক মন্ত্রণালয়ের অনলাইন ও টেলি কাউন্সেলিংয়ের নম্বর প্রচার করে এই বিষয়ে সর্বোচ্চ সেবা নিশ্চিত করা, আইনশৃঙ্খলা বাহিনী করোনা পরিস্থিতি নিয়ন্ত্রণের পাশাপাশি পারিবারিক সহিংসতা বা নির্যাতন বন্ধের বিষয়টিকে গুরুত্বের সঙ্গে বিবেচনা করা এবং প্রান্তিক জনগোষ্ঠী বিশেষ করে প্রতিবন্ধী নারী এই সময়ে নির্যাতনের শিকার হলে বিষয়টি অতি গুরুত্বের সঙ্গে বিবেচনা করা।

অনলাইন আলোচনাটি ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ড. ফস্টিনা পেরেরা এবং লিগ্যাল এমপাওয়ারমেন্ট অ্যান্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট, সেন্টার ফর পিস অ্যান্ড জাস্টিসের সঞ্চালনায় সভায় মহিলা ও শিশু-বিষয়ক মন্ত্রণালয়ের মাল্টি সেক্টরাল প্রোগ্রাম, উইক্যান, ব্র্যাক, নারীপক্ষ, আইন ও সালিশ কেন্দ্র, এসিড সারভাইভারস ফাউন্ডেশন, জিআইজেড, বিএনডাব্লিউএলএ, ব্লাস্ট, ডাব্লিউডিডিএফ এবং ওয়াইডাব্লিউসিএ এর প্রতিনিধিসহ প্রায় ৩৫ জন এই অনলাইন আলোচনায় অংশগ্রহণ করেন এবং মূল্যবান মতামত প্রদান করেন।

ব্লাস্টের অ্যাডভোকেসি অ্যান্ড ক্যাপাসিটি বিল্ডিং অ্যাডভাইজার মো. তাজুল ইসলাম বর্তমান অবস্থা ও প্রেক্ষাপট তুলে ধরেন। আইন ও সালিশ কেন্দ্রের সিনিয়র ডেপুটি ডিরেক্টর নীনা গোস্বামী, এইচ আর এল এস এবং স্যোশাল কমপ্লায়েন্সের পরিচালক জেনেফা জব্বার, জিআইজেডের রুল অব

ল'র অপারেশন পরিচালক তাহেরা ইয়াসমিন লকডাউন অবস্থায় নারী ও শিশুর প্রতি সহিংসতায় সেবা পেতে প্রতিবন্ধকতা ও করণীয় বিষয়ে আলোচনা করেন।

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টি সেক্টরাল প্রোগ্রামের সিনিয়র প্রোগ্রাম অফিসার সাবিনা সুলতানা,   নারীপক্ষের সদস্য রীতা দাশ রায়সহ আরও অনেকে সরকারি ও বেসরকারি পর্যায়ে করণীয় বিষয় মতামত দেন। ব্লাস্টের অনারারি নির্বাহী পরিচালক সারা হোসেন আলোচনার সার সংক্ষেপ করেন এবং নারী ও শিশুর প্রতি পারিবারিক সহিংসতা এবং নির্যাতন বন্ধে সবাইকে একত্রে দ্রুত পদক্ষেপ নেওয়ার বিষয়ে কাজ করার আহ্বান জানান।

http://lawyersclubbangladesh.com/2020/04/29/লকডাউন-পরিস্থিতিতে-পারিব/

লকডাউন পরিস্থিতিতে পারিবারিক নির্যাতনের ঘটনাকে ভার্চুয়াল কোর্টের আওতাভুক্ত করার সুপারিশ

প্রতিবেদক : বার্তা কক্ষ. প্রকাশিত: ২৯ এপ্রিল, ২০২০ ৮:১৬ অপরাহ্ণ

বর্তমান লকডাউন পরিস্থিতিতে পারিবারিক সহিংসতা ও নির্যাতনের ঘটনা বৃদ্ধি পাওয়ার বিষয়টিকে প্রস্তাবিত ভার্চুয়াল কোর্টের আওতাভুক্ত করার সুপারিশ করেছে পারিবারিক সহিংসতা প্রতিরোধ জোট এবং রেইপ ল রিফর্ম কোয়ালিশন।

মঙ্গলবার (২৮ এপ্রিল) সরকারি ও বেসরকারি পর্যায়ে সমন্বয় বৃদ্ধিতে অনলাইনে একটি মতবিনিময় সভায় এই সুপারিশ করেন বক্তারা। বাংলাদেশ লিগ্যাল এইড অ্যান্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানিয়েছে।

আলোচকরা অন্য যেসব সুপারিশ করেন তার মধ্যে আছে—বাংলাদেশ পুলিশের অনলাইনে জিডি দায়ের প্রক্রিয়া সক্রিয় করা এবং সারাদেশে এই সেবা চালুর ব্যবস্থা করা, নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে পারিবারিক সহিংসতা প্রতিরোধ জোট এবং রেইপ ল রিফর্ম কোয়ালিশনের সঙ্গে যুক্ত সব হটলাইন এবং হেল্পলাইন নম্বর একত্রে একটি তালিকা তৈরি করে বিভিন্ন মাধ্যমে প্রকাশ করা, করোনা সংক্রমণের ঝুঁকির কারণে সরকারি ও বেসরকারি শেল্টারহোমগুলোতে বর্তমানে আশ্রয়ের জন্য কোনও ভিকটিমকে গ্রহণ করা হচ্ছে না বিধায়, ভিকটিমদের সুরক্ষার জন্য সেখানে করোনাভাইরাস টেস্টের ব্যবস্থা করা, মহিলা ও শিশু-বিষয়ক মন্ত্রণালয়ের অনলাইন ও টেলি কাউন্সেলিংয়ের নম্বর প্রচার করে এই বিষয়ে সর্বোচ্চ সেবা নিশ্চিত করা, আইনশৃঙ্খলা বাহিনী করোনা পরিস্থিতি নিয়ন্ত্রণের পাশাপাশি পারিবারিক সহিংসতা বা নির্যাতন বন্ধের বিষয়টিকে গুরুত্বের

সঙ্গে বিবেচনা করা এবং প্রান্তিক জনগোষ্ঠী বিশেষ করে প্রতিবন্ধী নারী এই সময়ে নির্যাতনের শিকার হলে বিষয়টি অতি গুরুত্বের সঙ্গে বিবেচনা করা।

অনলাইন আলোচনাটি ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ড. ফস্টিনা পেরেরা এবং লিগ্যাল এমপাওয়ারমেন্ট অ্যান্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট, সেন্টার ফর পিস অ্যান্ড জাস্টিসের সঞ্চালনায় সভায় মহিলা ও শিশু-বিষয়ক মন্ত্রণালয়ের মাল্টি সেক্টরাল প্রোগ্রাম, উইক্যান, ব্র্যাক, নারীপক্ষ, আইন ও সালিশ কেন্দ্র, এসিড সারভাইভারস ফাউন্ডেশন, জিআইজেড, বিএনডাব্লিউএলএ, ব্লাস্ট, ডাব্লিউডিডিএফ এবং ওয়াইডাব্লিউসিএ এর প্রতিনিধিসহ প্রায় ৩৫ জন এই অনলাইন আলোচনায় অংশগ্রহণ করেন এবং মূল্যবান মতামত প্রদান করেন।

ব্লাস্টের অ্যাডভোকেসি অ্যান্ড ক্যাপাসিটি বিল্ডিং অ্যাডভাইজার মো. তাজুল ইসলাম বর্তমান অবস্থা ও প্রেক্ষাপট তুলে ধরেন। আইন ও সালিশ কেন্দ্রের সিনিয়র ডেপুটি ডিরেক্টর নীনা গোস্বামী, এইচ আর এল এস এবং স্যোশাল কমপ্লায়েন্সের পরিচালক জেনেফা জব্বার, জিআইজেডের রুল অব ল'র অপারেশন পরিচালক তাহেরা ইয়াসমিন লকডাউন অবস্থায় নারী ও শিশুর প্রতি সহিংসতায় সেবা পেতে প্রতিবন্ধকতা ও করণীয় বিষয়ে আলোচনা করেন।

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টি সেক্টরাল প্রোগ্রামের সিনিয়র প্রোগ্রাম অফিসার সাবিনা সুলতানা, নারীপক্ষের সদস্য রীতা দাশ রায়সহ আরও অনেকে সরকারি ও বেসরকারি পর্যায়ে করণীয় বিষয় মতামত দেন।

ব্লাস্টের অনারারি নির্বাহী পরিচালক সারা হোসেন আলোচনার সার সংক্ষেপ করেন এবং নারী ও শিশুর প্রতি পারিবারিক সহিংসতা এবং নির্যাতন বন্ধে সবাইকে একত্রে দ্রুত পদক্ষেপ নেওয়ার বিষয়ে কাজ করার আহ্বান জানান।

https://thedailysarkar.com/2020/04/30/পারিবারিক-সহিংসতা-প্রতির/

পারিবারিক সহিংসতা প্রতিরোধ জোটের সুপারিশসমূহ

1. প্রচারের সময় বৃহস্পতিবার, ৩০ এপ্রিল, ২০২০

সরকার ডেস্ক : বর্তমানে কোভিডসংক্রমনে সরকারি ও বেসরকারি পর্যায়ে সামাজিক মাধ্যমে ১৯-, অনলাইনে এবং মোবাইলে পারিবারিক সহিংসতার শিকার নারী ও শিশুদেরকে আইনি পরামর্শ দেয়া হচ্ছে। সম্প্রতি বিভিন্ন পত্র। এ হচ্ছে পত্রিকায় নারী ও শিশুর প্রতি পারিবারিক সহিংসতার এবং নির্যাতন বৃদ্ধির ঘটনা প্রকাশিত - প্রেক্ষিতে সরকারি ও বেসরকারি পর্যায়ে সমন্বয় বৃদ্ধিতে অনলাইনে একটি মতবিনিময় সভার আয়োজন করা হয়। এই অনলাইন মতবিনিময় সভায় নারী অধিকার কর্মী, আইনজীবী এবং আইন সহায়তা সংস্থার কর্মীগন আলোচনা শেষে নিচের সুপারিশসমূহ তুলে ধরেন:

১. লকডাউনের কারণে দেশব্যাপী পারিবারিক সহিংসতার ঘটনা প্রস্তাবিত ভার্চুয়াল কোর্ট)vi r t ual cour t) প্রক্রিয়ার আওতাভুক্ত করা এবং সেটার মাধ্যমে জরুরী সুরক্ষার ব্যবস্থা করা

২. বাংলাদেশ পুলিশ এর অনলাইনে জিডি দায়ের প্রক্রিয়া সক্রিয় করা এবং সারাদেশে এই সেবা চালুর ব্যবস্থা করা। আইনশৃংঙ্খলা বাহিনী করোনা পরিস্থিতি নিয়ন্ত্রণের পাশাপাশি পারিবারিক সহিংসতা বা নির্যাতন বন্ধ বিষয়টিকে গুরুত্বের সাথে বিবেচনা করা। পারিবারিক সহিংসতার শিকার ব্যক্তিকে অগ্রাধিকার ভিত্তিতে সহায়তা প্রদান নিশ্চিত করার জন্য প্রতিটি পুলিশ স্টেশনে নারী ডেস্ক সক্রিয় করা

৩. নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে, পারিবারিক সহিংসতা প্রতিরোধ জোট)Cl DV Coal i t i on) এর সাথে যুক্ত সকল সংস্থার হটলাইন এবং হেল্পলাইন নম্বরসমূহ একত্রে বিভিন্ন মাধ্যমে প্রকাশ করা

৪. করোনা সংক্রমণের ঝুঁকির কারণে সরকারি ও বেসরকারি শেল্টার হোম গুলোতে বর্তমানে আশ্রয়ের জন্য কোন ভিকটিমকে গ্রহণ করা হচ্ছেনা বিধায় ভিকটিমদের সুরক্ষার জন্য সরকারি ও বেসরকারি শেল্টারহোম গুলোতে করোনা ভাইরাস টেস্ট এর যথাযথ ব্যবস্থা করা

৫. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অনলাইন ও টেলি কাউন্সেলিং এর নম্বর আরো ব্যাপকভাবে বিভিন্ন সরকারি ও বেসরকারি গণমাধ্যমে এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার করে এই বিষয়ে সর্বোচ্চ সেবা নিশ্চিত করা

৬.	প্রান্তিক জনগোষ্ঠী বিশেষ করে প্রতিবন্ধী নারী, দুর্গম এলাকার নারী ও শিশুরা এবং রোহিঙ্গা এলাকার মধ্যে এই সময়ে নির্যাতনের শিকার হলে বিষয়টি অত্যন্ত গুরুত্বের সাথে বিবেচনা করা।

জাতীয় আইনগত সহায়তা দিবস উপলক্ষে এবং বর্তমান পরিস্থিতিতে নারী ও শিশুর প্রতি সহিংসতা বৃদ্ধির ঘটনায় উদ্বিগ্ন পারিবারিক সহিংসতা প্রতিরোধ জোট)CIDV Coalition) এর সচিবালয় বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট এই মতবিনিময় সভার আয়োজন করে। (ব্লাস্ট)

ডফস্টিনা পেরেরা :, ব্র্যাক বিশ্ববিদ্যালয়, সেন্টার ফর পিস এন্ড জাস্টিস এর সঞ্চালনায় সভায় মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাল্টি সেক্টরাল প্রোগ্রাম, উইক্যান, ব্রাক, নারীপক্ষ, জিআইজেড, বাংলাদেশ মহিলা আইনজীবী সমিতি, আইন ও সালিশ কেন্দ্র, এসিড সার্ভাইভারস ফাউন্ডেশন, ব্লাস্ট, ডাবলুডিডিএফ এবং ওয়াইডাবলুসিএ এর প্রতিনিধিসহ প্রায় ৩৫ জন আইনজীবী, গবেষক, নারী অধিকার কর্মী, প্রতিবন্ধী অধিকার সংগঠনের কর্মী এই অনলাইন আলোচনায় অংশগ্রহণ করেন ।

https://www.banglanews24.com/national/news/bd/785699.details

লকডাউনে পারিবারিক সহিংসতা ভার্চুয়াল কোর্টের আওতাভুক্ত হোক

নিউজ ডেস্ক | বাংলানিউজটোয়েন্টিফোর.কম

ঢাকা: কোভিড-১৯ সংক্রমণের এ সময়ে সরকারি-বেসরকারি পর্যায়ে সামাজিক মাধ্যম, অনলাইনে ও মোবাইলে আইনি পরামর্শ দেওয়া হচ্ছে। সম্প্রতি বিভিন্ন পত্র-পত্রিকায় নারী ও শিশুর প্রতি পারিবারিক সহিংসতা, নির্যাতন বাড়ার ঘটনা প্রকাশ হচ্ছে। লকডাউনে পরিস্থিতিতে পারিবারিক সহিংসতা ভার্চুয়াল কোর্টের আওতাভুক্ত করার সুপারিশ করছে বাংলাদেশ লিগ্যাল এইড অ্যান্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)।

এ পরিপ্রেক্ষিতে সরকারিবেসরকারি পর্যায়ে সমন্বয় বাড়াতে অনলাইনে একটি মতবিনিময় সভার আয়োজন ক-রা হয়। ‘করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধে লকডাউন অবস্থায় নারী ও শিশুর প্রতি সহিংসতা ’বর্তমান অবস্থা ও করণীয় :বিষয়ক এ অনলাইন মতবিনিময় সভায় অংশগ্রহনকারীরা আলোচনা শেষে কতগুলো সুপারিশ তুলে ধরেন:

লকডাউনের কারণে দেশব্যাপী পারিবারিক সহিংসতার ঘটনা বাড়ায় বিষয়টি প্রস্তাবিত ভার্চুয়াল কোর্ট প্রক্রিয়ার আওতাভুক্ত করা, বাংলাদেশ পুলিশের অনলাইনে জিডি দায়ের প্রক্রিয়া সক্রিয় করা এবং সারাদেশে এই সেবা চালুর ব্যবস্থা করা, নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে সিআইডিভি ও আরিএলআর কোয়ালিশনের সঙ্গে যুক্ত সব সংস্থার হটলাইন ও হেল্পলাইনের নম্বর একত্রে একটি তালিকা তৈরি করে বিভিন্ন মাধ্যমে প্রকাশ করা, করোনা সংক্রমণের ঝুঁকির কারণে সরকারিবেসরকারি শেল্টারহোমগুলোতে বর্তমানে আশ্রয়ের জন্য কোনো ভিকটিমকে গ্রহণ করা হচ্ছে না বিধায় ভিকটিমদের - সুরক্ষার জন্য শেল্টারহোমগুলোতে করোনা ভাইরাস টেস্টের ব্যবস্থা করা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অনলাইন ও টেলি কাউন্সেলিংয়ের নম্বর প্রচার করে এ বিষয়ে সর্বোচ্চ সেবা নিশ্চিত করা ৬আইনশৃংঙ্খলা বাহিনী করোনা পরিস্থিতি . নিয়ন্ত্রণের পাশাপাশি পারিবারিক সহিংসতা বা নির্যাতন বন্ধ বিষয়টিকে গুরুত্বের সঙ্গে বিবেচনা করা। প্রান্তিক জনগোষ্ঠী বিশেষ করে প্রতিবন্ধী নারীরা এই সময়ে নির্যাতনের শিকার হলে বিষয়টি অতি গুরুত্বের সঙ্গে বিবেচনা করা।

জাতীয় আইনগত সহায়তা দিবস উদযাপন সামনে রেখে এবং বর্তমান পরিস্থিতিতে নারী ও শিশুর প্রতি সহিংসতা বৃদ্ধির ঘটনায় উদ্বিগ্ন পারিবারিক সহিংসতা প্রতিরোধ জোট এবং রেইপ ল রিফর্ম কোয়ালিশনের সচিবালয় বাংলাদেশ লিগ্যাল এইড অ্যান্ড সার্ভিসেস ট্রাস্টের আয়োজনে সভায় অংশগ্রহণকারীরা নিজ নিজ সংস্থা থেকে লকডাউন পরিস্থিতিতে পারিবারিক (ব্লাস্ট) সহিংসতা প্রতিরোধে কি কি কাজ করছেন এবং ভবিষ্যতে কীভাবে কাজ করবেন সে বিষয়ে আলোচনা করেন।

বাংলাদেশ সময়: ১৮৫১ ঘণ্টা, এপ্রিল ২৯, ২০২০